

যুগান্তর

যুগান্তর, ২২-০২-২০২৪, পৃ. ১০



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

নানা আয়োজনের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। বুধবার সকালে রাজধানীর আফতাবনগরে প্রভাতফেরি এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। পরে বিশ্ববিদ্যালয়ের 'কালচারাল ক্লাবের' আয়োজনে 'অবিনশ্বর বাহান্ন' শিরোনামে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। এসব অনুষ্ঠানের মধ্যে রয়েছে আলোচনা, ঐতিহ্যবাহী গানের পরিবেশনা, নাচ, আবৃত্তি এবং ভাষা আন্দোলন ও বাংলা সংস্কৃতির ঐশ্বর্য তুলে ধরে নানা ধরনের পোস্টার প্রদর্শনী। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশেষ অতিথি ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এইচএন আশিকুর রহমান, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। প্রধান বক্তা হিসাবে আলোচনা করেন একুশে পদক বিজয়ী বিশিষ্ট রবীন্দ্র গবেষক ও শিক্ষাবিদ অধ্যাপক সৈয়দ আকরাম হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষকরা, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীরা অংশ নেন। সংবাদ বিজ্ঞপ্তি।